



উত্তরপত্র দেখার সুযোগ হারাচ্ছেন দুশ' পরীক্ষক

প্রকাশিত: ২৪ - আগস্ট, ২০১৯ ১২:০০ এ. এম.

- রাজশাহী বোর্ডে নম্বর গণনায় ভুল

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ নম্বর গণনায় ভুল করায় খাতা দেখার সুযোগ হারাচ্ছেন রাজশাহী শিক্ষাবোর্ডের ২০০ পরীক্ষক। খাতা মূল্যায়নের পর নম্বর গণনায় ভুল করায় এদের বিরুদ্ধে এই ব্যবস্থা নিচ্ছে বোর্ড। কর্তৃপক্ষ বলছে, ওই ২০০ পরীক্ষক আগামী এইচএসসি পরীক্ষার খাতা দেখার সুযোগ পাবেন না।

চলতি বছরের এইচএসসি পরীক্ষার্থীদের চ্যালেঞ্জে এসব শিক্ষকদের দেখা খাতার নম্বর পরিবর্তন হয়েছে। এতে ফেল থেকে পাস করেছেন ৬৬ পরীক্ষার্থী। জিপিএ-৫ পেয়েছেন ৪৪ জন। গত ১৬ আগস্ট পুনর্নির্দীক্ষণের ফলাফল প্রকাশ করা হয়। তবে এ বছর ফেল থেকে জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী নেই। তবে গ্রেড পরিবর্তন হয়েছে ৩৬৬ জনের।

রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. প্রফেসর আনারুল হক প্রামাণিক বলেন, ফলাফল পরিবর্তন হয়েছে এমন পরীক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে। এবারের এইচএসসি পুনর্নির্দীক্ষণের ফলাফল প্রকাশের পর এই সিদ্ধান্ত নেয়া হয়। তিনি আরও বলেন, এবারের এইচএসসি পরীক্ষার খাতা দেখেছেন প্রায় ৮ হাজার পরীক্ষক। এদের মধ্যে মধ্যে ২০০ জন পরীক্ষকের খাতায় নম্বর লেখা বা গণনায় ভুল পাওয়া গেছে। এদের আগামীতে সব ধরনের পরীক্ষকের দায়িত্ব থেকে বাদ দেয়া হবে।

প্রসঙ্গত, এবার রাজশাহী বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৫১ হাজার ১৩৪ জন। ৭৬ দশমিক ৩৮ শতাংশ হারে পাস করেছে ১ লাখ ১৩ হাজার ৫৫০ জন। জিপিএ-৫ পেয়েছে ৬ হাজার ৭২৯ জন। এ বছর ৮১ দশমিক ২১ শতাংশ মেয়ে এবং ৭২ দশমিক ৩২ শতাংশ ছেলে পাস করেছে। এদিকে, ফল প্রকাশের পরদিন ১৮ জুলাই থেকে শুরু হয়ে ২৪ জুলাই পর্যন্ত ফল পুনর্নির্দীক্ষণের আবেদন জমা নেয় বোর্ড। ওই সময়ের মধ্যে ৩৪ হাজার ৭১৫টি উত্তরপত্র পুনর্নির্দীক্ষণের আবেদন আসে। এ বছর সবচেয়ে বেশি আবেদন জমা পড়ে ইংরেজীর দুই বিষয়ে। এর মধ্যে ইংরেজী প্রথমপত্রে ৫ হাজার ২৬২ এবং ইংরেজী দ্বিতীয়পত্রে ৪ হাজার ৬২২টি।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাল্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল:

janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright © All rights reserved by dailyjanakantha.com

